# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় ঃ আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০।

www.sylhetboard.gov.bd

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/৮৬৩

তারিখ ঃ ০৯ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
২৪ ডিসেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাধীন প্রাইভেট পরীক্ষার জন্য নির্ধারিত কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অত্র শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য প্রযোজ্য নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো-

১. **প্রাইভেট পরীক্ষার্থী** ঃ ২০২১ বা তার পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তাছাড়া বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে ২০২০ সালে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা বা তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

২. **পাঠ্যসূচি** ঃ প্রাইভেট পরীক্ষার্থীগণ (রেজিস্ট্রেশন নবায়ন ব্যতীত) ২০২৬ সালের পাঠ্যসূচি অনুযায়ী পূর্ণসময় ও পূর্ণনম্বরে সকল বিষয়ে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৩. **নির্বাচনী পরীক্ষা** ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা বোর্ড কর্তক নির্ধারিত যে কোন একটি কলেজের মাধ্যমে রেজিস্ট্রেশনপূর্বক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পুলিশ, প্রতিরক্ষা বাহিনীতে চাকুরীরত ব্যক্তি (চাকুরীরত রয়েছে মর্মে কর্তৃপক্ষ কর্তৃক কলেজের অধ্যক্ষ বরাবর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে) বা একাধিক্রমে কমপক্ষে ৩ বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত শিক্ষকগণ এবং অন্ধ পরীক্ষার্থী ব্যতীত সকল পর্যায়ের প্রাইভেট পরীক্ষার্থীদের কে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৪. **শাখা ও বিষয়সমূহ** ঃ প্রাইভেট পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা রয়েছে (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় ব্যতীত) সে সকল বিষয় বা বিষয়সমূহ অন্তর্ভূক্ত করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীগণ চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

৫. বোর্ডে কর্মরত কোন কর্মচারী নিজ শিক্ষা বোর্ড হতে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ইচ্ছা করলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অন্য যে কোন শিক্ষা বোর্ডের অধীনে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৬. **ফি ও আবেদনপত্রসহ প্রয়োজনীয় ফি জমাদানের সময়সূচি** ঃ

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | প্রাইভেট পরীক্ষার্থীরা বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজের অধ্যক্ষ বরাবর প্রয়োজনীয় কাগজপত্র ও ফিসহ আবেদন দাখিলের তারিখ | ০১/০১/২০২৬ থেকে ২৯/০১/২০২৬ তারিখ পর্যন্ত |
| ২. | প্রাইভেট পরীক্ষার্থীদের পূরণকৃত রেজিস্ট্রেশন অনলাইন তালিকা (eSIF) ও এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরফর্দ এবং পরীক্ষার্থী তালিকাভুক্তি ফি সোনালী ব্যাংক-এ জমা দেয়ার শেষ তারিখ (উল্লেখ্য এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রীপ্ট/নম্বরফর্দগুলি তালিকার ক্রমানুযায়ী সাজিয়ে জমা দিতে হবে এবং সাথে ১ কপি ছায়ালিপি দাখিল করতে হবে) | ০১/০২/২০২৬ থেকে ২৫/০২/২০২৬ তারিখ পর্যন্ত |

(উল্লেখ্য, রেজিস্ট্রেশন ফরমেট বোর্ডের ওয়েবসাইট হতে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে)

**পরীক্ষা কেন্দ্র** ঃ বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত নিম্নোক্ত ০৪ (চার) টি সরকারি কলেজ হতে প্রাইভেট পরীক্ষার্থীগণ এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ক) সিলেট সরকারি কলেজ, সিলেট।
খ) মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
গ) বৃন্দাবন সরকারি কলেজ, হবিগঞ্জ।
ঘ) সুনামগঞ্জ সরকারি কলেজ,সুনামগঞ্জ।

চলমান পাতা

CamScanner

৭. প্রাইভেট পরীক্ষার্থী কর্তৃক নিম্নোক্ত কাগজপত্রসমূহ সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দপ্তরে দাখিল করতে হবে ঃ
  ক) এসএসসি/সমমান পরীক্ষা পাশের মূল নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
  খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক পাঠ বিরতির প্রত্যয়নপত্র।
  গ) সাম্প্রতিকালে উঠানো প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি।
  ঘ) শিক্ষক প্রার্থীদের ক্ষেত্রে একাধিক্রমে কমপক্ষে ৩ বৎসর শিক্ষকতা পেশায় কর্মরত রয়েছেন, মর্মে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
  ঙ) পুলিশ ও প্রতিরক্ষা বাহিনী/সরকারী চাকুরীজীবি প্রার্থীদের বেলায় কমপক্ষে এক বৎসর যাবত চাকুরীতে নিয়োজিত আছেন, মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৮. <u>ফি জমাদান পদ্ধতি</u> ঃ প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকাভুক্তি ফিসহ অন্যান্য ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযোজন করে স্ব-স্ব কলেজের অধ্যক্ষ বরাবর জমা দিতে হবে।

৯. <u>ফি এর হার নিম্নরূপ</u> ঃ
  ক) অনুমতি ও রেজিষ্ট্রেশন ফি (প্রতি পরীক্ষার্থী)--------------------------২৫০/=
  খ) রোভার স্কাউট ফি প্রতি পরীক্ষার্থী (প্রতি পরীক্ষার্থী) ---------------------২৫/=
  গ) গালর্স গাইড ফি প্রতি পরীক্ষার্থী (প্রতি পরীক্ষার্থী)----------------------১৫/=

১০. প্রাইভেট পরীক্ষার্থীদের গৃহীত বিষয়সমূহ পাঠ্যসূচিতে উল্লিখিত গুচ্ছ মোতাবেক হতে হবে। গুচ্ছ বহির্ভুত কোন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

১১. প্রাইভেট পরীক্ষার্থীদেরকে বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত সকল বিধি-বিধান অবশ্যই মেনে চলতে হবে।

১২. প্রাইভেট পরীক্ষার্থীরা যে কলেজের মাধ্যমে রেজিষ্ট্রেশন সম্পন্ন করবে সে কলেজের জন্য নির্ধারিত কেন্দ্রেই তারা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোন অবস্থাতেই কেন্দ্র পরিবর্তন করা যাবে না।

১৩. প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিষ্ট্রেশনের মেয়াদ ০১ (এক) বছরের জন্য বলবৎ থাকবে।

১৪. কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যে কোন পরীক্ষার্থীর আবেদন বাতিল করার ক্ষমতা অত্র শিক্ষা বোর্ড সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪.১২.২০২৫

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

২৪/১২/২৫

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত ঃ
১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ।
৩. সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড।
৪. হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
৫. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৬. সংরক্ষণ নথি।

D-Private Exa HSC-2018

CamScanner